# ঢাকা বোর্ড-২০১৭

## ইতিহাস: প্রথম পত্র

বিষয় কোড : | ৩ | ০ | ৪ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে]*

১. ▶ আলেকজান্ডার ৩২৭ খ্রি: পূর্বাব্দে ভারতে অভিযান চালান। এ অভিযান অনেক সহজ হয়ে যায়, যখন তক্ষশিলার রাজা অম্ভি আলেকজান্ডারকে সাহায্যের হাত বাড়িয়ে দেন। নিজ ক্ষমতা রক্ষার আশায় অম্ভি ভারতবর্ষের সাথে বিশ্বাস ঘাতকতা করেন।

ক. পলাশী কোন নদীর তীরে অবস্থিত? ১

খ. দ্বৈতশাসন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে অম্ভির কর্মকাণ্ডের সাথে তুমি বাংলার নবাবী শাসনামলের কার কাজের মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উল্লিখিত ব্যক্তির কর্মকাণ্ড বাংলার স্বাধীনতা হারানোর জন্য একমাত্র কারণ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

২. ▶ ভিনদেশী বণিকরা যুদ্ধে জয়ী হয়ে ঔপনিবেশিক অঞ্চলে যে শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা করে, তাতে অর্থনৈতিক বিষয় ও দেশরক্ষা ছাড়া তাদের অন্য কোনো দায়-দায়িত্ব ছিল না। এ অভিনব শাসন ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্য ছিল দেশীয় শাসকদের ক্ষমতাহীন করা। দায়িত্বহীনতার জন্য আইন-শৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটে এবং দেশময় অরাজক পরিস্থিতির সৃষ্টি হয়।

ক. কোন পর্তুগিজ নাবিক প্রথম ভারতে আগমন করেন? ১

খ. ছিয়াত্তরের মন্বন্তরের কারণ সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ভারতীয় উপমহাদেশের কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলার জনজীবনে উক্ত ঘটনা যে বিপর্যয় বয়ে এনেছিল পঠিত বিষয়ের নিরিখে তোমার মতামত দাও। ৪

৩. ▶ মি. সোমল্ একটি কোম্পানির দুর্দিনে তার কর্ণধার হিসেবে নিয়োগ পান। কোম্পানির উন্নয়নের জন্য তিনি ব্যয় সংকোচন নীতি গ্রহণ ও বিভিন্ন প্রশাসনিক সংস্কার কাজের মাধ্যমে কোম্পানিকে পতনের হাত হতে রক্ষা করেন। কোম্পানির উন্নয়নের জন্য তিনি কোনো ন্যায়-নীতির তোয়াক্কা করতেন না। ব্যক্তিগতভাবেও তিনি ছিলেন চরম দুর্নীতি পরায়ণ। শেষ পর্যন্ত তাকে বিচারের কাঠগড়ায় দাঁড়াতে হয়।

ক. বক্সারের যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১

https://teachingbd24.com

খ. রেগুলেটিং অ্যাক্ট বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মিঃ গোমুল-এর সাথে তোমার পাঠ্যবইয়ের কোন গভর্নর জেনারেলের কাজের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মিঃ গোমুল-এর মত দুর্নীতিই তার পতন নিশ্চিত করেছিল— বিশ্লেষণ কর। ৪

৪. ▶ ইসলাম-পূর্ব যুগে আরবে নারীর কোনো সামাজিক মর্যাদা ছিল না। এ সময় কন্যা সন্তান জন্মের পরে তাকে জীবন্ত কবর দিত। তারা কন্যা সন্তানকে হত্যা করে গর্বিত পিতার সম্মান অর্জন করত। ইসলামের প্রচার ও প্রসারের পর সমাজে নারীর অবস্থার উন্নয়ন ঘটে এবং তাদের সামাজিক মর্যাদা প্রতিষ্ঠিত হয়।

ক. হাজী শরীয়তুল্লাহ কে ছিলেন? ১

খ. অধীনতামূলক মিত্রতা নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত নারীর মর্যাদা বৃদ্ধির সাথে তোমার পঠিত কোন ইংরেজ শাসকের কাজের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভারতীয় হিন্দু নারী সমাজ তাদের অধিকার রক্ষায় অনেকাংশেই ইংরেজ শাসকদের নিকট ঋণী– তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ কেতুপুর অঞ্চলের চেয়ারম্যান একজন ঘোর সাম্রাজ্যবাদী প্রশাসক ছিলেন। সেখানে কোনো ব্যক্তি অপুত্রক অবস্থায় মারা গেলে তিনি তার জমিজমা নিজের নামে করে নিতেন। কোনো রকম দত্তকপুত্রের অধিকার স্বীকার করতেন না। একজন সাম্রাজ্যবাদী শাসক হিসেবে পরিচিত হলেও তিনি ছিলেন আধুনিক চিন্তাধারা সম্পন্ন। কাজেই তিনি সমাজ, শাসন, যোগাযোগ এবং শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন সংস্কার কাজ করেন। এজন্য তিনি প্রশংসার দাবিদার।

ক. ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহ কোন সেনানিবাসে প্রথম শুরু হয়? ১

খ. 'বয়কট' আন্দোলন বলতে কি বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত চেয়ারম্যানের সম্পত্তি দখলের নীতির সাথে তোমার পাঠ্য বইয়ের কোন নীতির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের চেয়ারম্যানের মত উক্ত শাসক তার বিভিন্ন সংস্কারমূলক কাজের মাধ্যমে ভারতীয় উপমহাদেশে আধুনিক যুগের সূচনা করেন।— মূল্যায়ন কর। ৪

৬. ▶ 'ক' রাষ্ট্রে বহুদিন ধরে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মানুষ একত্রে বসবাস করে আসছে। এক সময় এ অঞ্চলে একটি বিদ্রোহ সংঘটিত হয়। ফলে শাসক বর্গ পিছিয়ে থাকা সম্প্রদায়কে দায়ী করে। ঐ সময় সেখানে প্রাণশক্তি হিসেবে একজন মনীষীর আবির্ভাব ঘটে। তিনি তার সম্প্রদায়কে সকল গোঁড়ামী ত্যাগ করে ইংরেজি

শিক্ষায় শিক্ষিত হতে শাসকের সাথে সুসম্পর্ক বজায় রাখার পরামর্শ দেন। এ জন্য তিনি বিভিন্ন সভা-সমিতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে আন্দোলন গড়ে তোলেন। ফলে তার সম্প্রদায়ের মধ্যে আত্মবিশ্বাস ও সচেতনতা গড়ে ওঠে।

ক. ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন? ১

খ. মুসলিম লীগ গঠনের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মনীষীর সঙ্গে তোমার পাঠ্যবইয়ের কোন মনীষীর কাজের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভারতীয় মুসলমানদের চেতনা বিকাশে তার প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানসমূহ ও আন্দোলনের অবদান সর্বাধিক— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭.► ১৯৩৯ সালে জার্মানি ও পোল্যান্ডের মধ্যে শুরু হয় যুদ্ধ, যা সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়ে। ফলে মুসলিম প্রধান দেশ তুরস্ক জার্মানির পক্ষে যোগ দেয়। অপরদিকে ব্রিটেন জার্মানির বিপক্ষে অবস্থান নেয়। ফলে মুসলমানরা এ যুদ্ধে ব্রিটিশদের পক্ষে অস্ত্রধারণ করতে অসম্মত হয়। ব্রিটিশরা মুসলমানদের এই বলে আশ্বস্ত করে যে, যুদ্ধে জয়ী হলে তারা তুরস্কের কোনো ক্ষতি করবে না। কিন্তু ব্রিটিশরা মুসলমানদের সাথে বিশ্বাসঘাতকতা করলে ভারতীয় মুসলিমরা ব্রিটিশদের বিরুদ্ধে আন্দোলন শুরু করে।

ক. কোন গভর্নর জেনারেল বঙ্গভঙ্গ প্রস্তাব করেন? ১

খ. লক্ষ্ণৌ চুক্তি কী উদ্দেশ্যে স্বাক্ষরিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনা ভারতে ব্রিটিশ আমলের কোন আন্দোলনের কথা স্মরণ করিয়ে দেয়? বিশ্লেষণ কর। ৩

ঘ. উক্ত আন্দোলনের ফলাফল কী হয়েছিল বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৮.► দাদু তার নাতিকে এমন একজন ভাষা শহিদের গল্প শুনালেন, যিনি পাকিস্তান সরকারের সচিবালয়ের পিয়ন ছিলেন। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি তারিখে ১৪৪ ধারা ভঙ্গ করে মিছিলে যোগ দিয়ে তিনি পুলিশের গুলিতে আহত হন। দেড় মাস ঢাকা মেডিকেলে মৃত্যুর সঙ্গে সংগ্রাম করে অবশেষে তিনি মারা যান। মরণোত্তর একুশে পদক প্রদান করে রাষ্ট্রীয়ভাবে তাকে সম্মানিত করা হয়। তার নামে একটি গ্রাম ও একটি কোচিংসেন্টার নামকরণ করা হয়।

ক. কে সর্বপ্রথম বাংলাদেশের শহিদ মিনার উদ্বোধন করেন? ১

খ. 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পটভূমির সূচনা প্রবাসী বাঙালিদের অবদান সংক্ষেপে লেখ। ২

গ. উদ্দীপকের ভাষা শহিদের ন্যায় দুইজন ভাষা শহিদের পরিচয় দাও। ৩

ঘ. শহিদদের আত্মত্যাগই ভাষা আন্দোলনের গতিকে তাৎপর্যময় করে তুলে— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৯. ▶ রতনপুর বাংলাদেশের একটি অনুন্নত অঞ্চল। স্থানীয় জননেতা রহিম সাহেব এলাকার মানুষের প্রতি বৈষম্যের নিরসনকল্পে এক জনসভায় কতিপয় দাবিসম্বলিত একটি দাবিনামা পেশ করেন। এ দাবিনামা এলাকায় গণমানুষের মাঝে অভূতপূর্ব জাগরণ সৃষ্টি করে। জনগণ দাবি আদায়ে সোচ্চার হয়।

ক. কত ফ্রিকোয়েন্সে যুক্তফ্রন্ট গঠিত হয়? ১

খ. আগরতলা ষড়যন্ত্র মামলা সম্পর্কে কী জান? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রহিম সাহেবের দাবিগুলো পাকিস্তানি আমলের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনা ছিল বাঙালি জাতির ম্যাগনাকার্টা— বিশ্লেষণ কর। ৪

১০. ▶ ১৯৬৪ সাল থেকে ফিলিস্তিনি মুক্তি সংস্থা পৃথক রাষ্ট্রের জন্য সংগ্রাম করে আসছে। কিন্তু ইসরাইলি আগ্রাসনের কারণে তারা সফল হতে পারেনি। ১৯৮২ সালে তারা তিউনিশিয়ার রাজধানী তিউনিসে সদর দপ্তর স্থাপন করে। প্রবাস থেকেই তারা তাদের স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলন চালিয়ে যাচ্ছে।

ক. পাক-সেনাদের আক্রমণের বিরুদ্ধে প্রথম কোন বাহিনী প্রতিরোধ গড়ে তুলে? ১

খ. বুদ্ধিজীবী হত্যা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত দপ্তরের সাথে বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন কোন দপ্তরের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুক্তিযুদ্ধ চলাকালীন উক্ত দপ্তরের প্রয়োজনীয়তা কতটুকু ছিল? তোমার মতামত দাও। ৪

১১. ▶ মধ্যপ্রাচ্যে আইএস হুমকি ও হত্যাযজ্ঞের কারণে ব্যাপকভাবে অভিবাসী সিরিয়াবাসী শরণার্থী হিসেবে প্রতিবেশী দেশ তুরস্কে আশ্রয় নিচ্ছে। তুরস্ক সরকার তাদের জন্য সাধ্যমত শরণার্থী শিবির স্থাপন করে সহযোগিতা করছে। অধিকন্তু সিরিয়ার বন্ধুপ্রতিম দেশগুলো সাহায্য ও মানবিক সহযোগিতা অব্যাহত রেখেছে।

ক. "কনসার্ট ফর বাংলাদেশ" কোথায় অনুষ্ঠিত হয়? ১

খ. মুক্তিযুদ্ধে সাত নং সেক্টরের অবস্থান ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মত মুক্তিযুদ্ধে কোন দেশ বাংলাদেশকে অনুরূপ সহযোগিতা করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দেশের সহযোগিতামূলক কর্মকাণ্ডই বাংলাদেশের বিজয়কে নিশ্চিত করে— পাঠ্যবইয়ের আলোকে মতামত দাও। ৪

https://teachingbd24.com

